

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.০৬.০২.১৮. ৩০৫


তারিখঃ ২০ আষাঢ় ১৪২৫
০৪ জুলাই ২০১৮

বিষয়: মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং- ৯১/২০১৮ এর প্রেক্ষিতে রিট পিটিশন নং-৩৪৪৬/২০১৬ এর গত ২২/০৮/২০১৭ তারিখের আদেশ বাস্তবায়ন।

সূত্র: স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৮.০৬.০২.১৮.২৫৭, তারিখ: ৩০মে ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ লুৎফর রহমান, সহযোগি অধ্যাপক (অবঃ), সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া গং ০৩ (তিন) জন পেনশনের বিপরীতে কর্তনকৃত অর্থ ফেরত প্রদানের দাবিতে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৩৪৪৬/২০১৬ দায়ের করেন। উক্ত মামলার গত ২২/০৮/২০১৭ খ্রি: তারিখের আদেশে মাননীয় আদালত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং Respondent-কে রুল নিষ্পত্তি প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। সে পরিপ্রেক্ষিতে তিনজনের উচ্চতর স্কেলে বেতন-ভাতা গ্রহণ বাবদ অতিরিক্ত টাকা কর্তনের বিষয়ে যাচাইপূর্বক ৩ (তিন) কর্মদিবসের মধ্যে সুস্পষ্ট তথ্যসহ মতামত প্রেরণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে পত্র প্রেরণ করা হলে একই প্রস্তাবের পুনরাবৃত্তি করা হয়। পরবর্তীতে উল্লেখিত তিনজনের বিষয়ে অতিরিক্ত সচিব (কলেজ) মহোদয় টেলিফোনিক আলাপে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সহকারি পরিচালকের নিকট সুস্পষ্ট তথ্য প্রদানের জন্য অনুরোধ করেন। কিন্তু মাউশি অধিদপ্তর থেকে মন্ত্রণায়ের চাহিত তথ্যাদি প্রদান না করে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষদের নিকট তথ্য চেয়ে যে পত্র প্রেরণ করা হয়েছে তার অনুলিপি এ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। যার ফলে এ বিষয়টি দ্রুত নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে না।

২.০ এমতাবস্থায়, উল্লেখিত তিনজনের পেনশনের বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত কনটেম্পট পিটিশন নং-৯১/২০১৮ এর পরিপ্রেক্ষিতে রিট পিটিশন নং-৩৪৪৬/২০১৬ এর গত ২২/০৮/২০১৭ তারিখের আদেশ নিষ্পত্তির লক্ষ্যে জরুরিভিত্তিতে আগামী ০৮/০৭/২০১৮ তারিখের মধ্যে সুস্পষ্ট তথ্যসহ মতামত প্রেরণের জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(মুর্শিদা শারমিন)
উপসচিব
ফোন: ৯৫৫৩২৭৬

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি:

- ১। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জনাব মোহাম্মদ জাকির হোসেন, সহকারি পরিচালক (সা: প্রশা:), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (কলেজ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।